সপ্তম অধ্যায়: (মুনাফা = Profit = π)

① মুনাফা কাকে বলে?

উ:- কোন ব্যবসায় মোট আয় (TR) ও মোট ব্যয় (TC) এর পার্থক্যকে বলা হয় মুনাফা।

$TR > TC$ হলে ধনাত্মক মুনাফা,

$TR < TC$ " ঋণাত্মক মুনাফা (ক্ষতি)

$TR = TC$ " স্বাভাবিক মুনাফা।

[মনে রাখতে হবে মোট ব্যয়ের মধ্যে জমির দাম (খাজনা), শ্রমের দাম (মজুরি), মূলধনের দাম (সুদ) ও উদ্যোক্তার দাম (মুনাফা) ধরা হয়ে থাকে। সেইজন্য $TR = TC$ হলেও স্বাভাবিক মুনাফা লাভ হয়।]

মুনাফা শূন্য হলে বলা হয় যে স্বাভাবিক মুনাফা লাভ হয়েছে।

[$TR > TC$ হলে ধনাত্মক বা অতিরিক্ত মুনাফা লাভ হয়, তখন ঐ শিল্পে নতুন ফার্ম আসে ও মুনাফা কমে]

② (i) অন্যান্য উপাদানের আয় = চুক্তিবদ্ধ আয়।

(ii) মুনাফা হল অবশিষ্ট আয়।

③ মুনাফাবাদী উৎপাদকের ভারসাম্য উৎপাদনের শর্ত আলোচনা কর:- (পূর্ণ প্রতিযোগিতার বাজারে)

উ:- উৎপাদকের মূল উদ্দেশ্য মুনাফা সর্বাধিক করা। সেইজন্য উৎপাদক তখনই ভারসাম্যে থাকে যখন মুনাফা সর্বাধিক হয়।

মুনাফা সর্বাধিক করার জন্য কয়েকটি অনুমান করা হয়, সেগুলি হল —

(i) ফার্ম একটি দ্রব্য উৎপাদন করে।

(ii) বাজার সংক্রান্ত উৎপাদন ও বিক্রয় বিষয়ে নিখুঁত সিদ্ধান্ত নেয়,

(iii) দাম স্থির বা দেওয়া থাকে। $AR = MR$

(iv) AC, AVC, MC এর আকৃতি 'U' আকৃতির হয়।

(v) উৎপাদনের জন্য অন্য কোন ব্যয় থাকে না।

(vi) মোট উৎপাদন ও মোট বিক্রি সমান।

এই অনুমানের উপর ভিত্তি করে মুনাফা সর্বাধিক হওয়ার দুটি শর্ত আলোচনা করা হল → মুনাফা সর্বাধিক হওয়ার প্রথম শর্ত বা প্রয়োজনীয় শর্তটি হল $MR = MC$ এটি প্রয়োজনীয় কিন্তু যথেষ্ট নয় তাই, দ্বিতীয় অথবা পর্যাপ্ত শর্ত

(ii) MC রেখাকে অবশ্যই ঊর্ধ্বমুখী হতে হবে।

মুনাফা সর্বাধিক করার জন্য ফার্ম বিচার করে দেখে এক একক অতিরিক্ত দ্রব্য উৎপাদন করলে বাড়তি আয় কত হবে এবং বাড়তি ব্যয় কত হবে। এক একক বাড়তি উৎপাদনে যে বাড়তি আয় হয় তাকে MR এবং যে বাড়তি ব্যয় হয় তাকে MC বলে। যতক্ষণ MR > MC থাকে ততক্ষণ মুনাফা বাড়ে, যেখানে MR = MC হলে মুনাফা সর্বাধিক হয়, এই অবস্থায় ফার্ম উৎপাদন করে।

একটি কাল্পনিক তালিকার সাহায্যে বিষয়টি বোঝানো হল।

উৎপাদনের পরিমাণ q	দাম (P) AR	TR =P×q	TC	MR	MC	TR-TC=π
1	10	10	5	10	5	5
2	10	20	9	10	4	11
3	10	30	12	10	3	18
4	10	40	16	10	4	24
5	10	50	21	10	5	29
6	10	60	29	10	8	31
7	10	70	39	10	10	31
8	10	80	51	10	12	29

তাহলে 7 একক উৎপাদনের স্তরে MR = MC, উৎপাদনের এই স্তরে মুনাফা সর্বাধিক। উৎপাদনের এই স্তরকে বলা হয় ভারসাম্য উৎপাদনের স্তর।



AR = MR = P

চিত্রে A বিন্দুতে MR = MC হলেও দ্বিতীয় ক্রম শর্ত পালিত হয়নি, কিন্তু B বিন্দুতে দুটি শর্তই পালিত হয়েছে, B বিন্দুটি হল ভারসাম্য বিন্দু।

স্বল্পকালীন ভারসাম্যে কোনো নির্দিষ্ট ভারসাম্য বিন্দু নেই। এক একটি দামে MC রেখার ঊর্ধ্বমুখী অংশে এক একটি ভারসাম্য বিন্দু পাওয়া যায়। ফার্ম যে বিন্দুতে ভারসাম্য অর্জন করে সেই বিন্দুতে ফার্ম স্বাভাবিক মুনাফা অথবা তার চেয়ে বেশি মুনাফা অর্জন করতে পারে।